

220991 - যে পানির বোতলগুলো মসজিদের জন্য দান করা হয় সেগুলো থেকে পানিপান করা কি জায়েয হবে?

প্রশ্ন

যে জিনিসগুলো সদকা হিসেবে দেওয়া হয় সেগুলো ব্যবহার করার হুকুম কী? আমি মসজিদের জন্য কিছু আতর ও কিছু পানির বোতল দান করেছি। মাঝে মাঝে আমি মসজিদের ঐ আতর ও পানি ব্যবহার করি। এ ব্যাপারে শরিয়তের বিধান কী?

প্রিয় উত্তর

মসজিদের জন্য বা অন্য কোন স্থানের জন্য যে কোন ওয়াক্ফ বা দান ওয়াক্ফকারীর বা দানকারীর শর্ত মোতাবেক ব্যবহার করা হবে।

শাইখ উছাইমীন (রহঃ) বলেন:

“ওয়াক্ফকৃত সম্পত্তির ক্ষেত্রে ওয়াজিব হল: ওয়াক্ফকারীর শর্ত মোতাবেক মানুষ এটি ব্যবহার করবে।”[ফাতাওয়া নূরুন্ আলাদ দারব (২/১৬)]

অতএব, ওয়াক্ফকারীর জন্য এই সাধারণ ওয়াক্ফ থেকে অন্য সব মুসলমানের মত; তাদের থেকে বেশি না নিয়ে উপকৃত হওয়ার অধিকার আছে। ওয়াক্ফকারী ওয়াক্ফকৃত পানি থেকে পান করতে পারেন যেভাবে অন্যেরা পান করে এবং অন্যসব সুবিধা থেকেও উপকৃত হতে পারেন যেভাবে অন্য মুসলিমগণ উপকৃত হয়ে থাকে; যদি না ওয়াক্ফকারী অন্য কোন শর্ত করে না থাকে।

উসমান (রাঃ) মদিনাতে একটি কূপ ওয়াক্ফ করেছিলেন। অন্য মুসলমানদের মত তিনিও সেটা থেকে পানি নিতেন।

ইমাম তিরমিযি (৩৭০৩) উসমান (রাঃ) থেকে বর্ণনা করেন যে, তিনি বলেন: রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “কে আছে এমন রুম্মা কূপটি ক্রয় করে তার বালতি ও মুসলমানদের বালতিকে সম মর্যাদা দিবে জান্নাতের বিনিময়ে? উসমান বলেন: তখন আমি আমার মূল অর্থ থেকে কূপটি ক্রয় করলাম।”[শাইখ আলবানী ‘সহিহ তিরমিযি’ গ্রন্থে হাদিসটিকে ‘হাসান’ বলেছেন]

ইবনে হাজার আল-হাইতামী (রহঃ) বলেন:

রুম্মা কূপ ওয়াক্ফ করার প্রসঙ্গে উসমান (রাঃ) এর বাণী: “আমার বালতি ও মুসলমানদের বালতি সম মর্যাদায়” হওয়া শর্ত নয়। বরং এর দ্বারা তিনি অবহিত করছেন যে, ওয়াক্ফকারীর জন্য সাধারণ ওয়াক্ফ সম্পত্তি থেকে উপকৃত হওয়া বৈধ।”[আল-ফাতাওয়া আল-ফিকহিয়া আল-কুবরা (২/২৭৫)]

ইবনুল বাতাল বলেন:

যে ব্যক্তি কোন কূপকে ওয়াক্ফ করেছেন এবং সেটাকে পানি প্রার্থীদের জন্য দিয়ে দিচ্ছেন তার জন্য ঐ কূপ থেকে পানি পান করতে কোন অসুবিধা নাই; যদি তিনি নিজে পান করার শর্ত না করেন তবুও। যেহেতু তিনি নিজেও পানিপ্রার্থীদের অন্তর্ভুক্ত।[শারহু সহিহিল বুখারী (৬/৪৯২)]

ইমাম বুখারী তাঁর সহিহ গ্রন্থে (৪/৭) বলেন:

কেউ যদি কোন একটি উটকে বা কোন কিছুকে আল্লাহর দিয়ে দেয় অন্যদের মত তার জন্যেও ঐ প্রাণী থেকে উপকৃত হওয়া জায়েয আছে।[সমাণ্ত]

উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে কেউ যদি মসজিদের জন্য পানির বোতল দান করে; এ দানের দ্বারা উদ্দেশ্য হচ্ছে এই মসজিদের মুসল্লিগণ। সুতরাং দানকারী নিজেও এ মসজিদদের মুসল্লি। তাই অন্যদের মত তার জন্যেও এ পানি পান করা বৈধ। আতরের ব্যাপারেও একই কথা প্রযোজ্য: যদি তিনি মসজিদের মুসল্লিরা ব্যবহার করার জন্য দান করে থাকেন তাহলে তিনিও অন্য মুসল্লিদের মত এর থেকে উপকৃত হতে পারেন।

আল্লাহ্‌ই সর্বজ্ঞ।